


**স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন বাংলাদেশ পুলিশ অধিদপ্তরের আওতাধীন স্পেশাল ব্রাঞ্চ এর "সিনিয়র কম্পিউটার অপারেটর" (গ্রেড-৯) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.১০৬.০১১.১৫.৪৪.০৩৭.২০২০(অংশ-৫)- ৩১২

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০
২৬ নভেম্বর ২০২৩

# বিজ্ঞপ্তি

**বিষয়: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন বাংলাদেশ পুলিশ অধিদপ্তরের আওতাধীন স্পেশাল ব্রাঞ্চ এর "সিনিয়র কম্পিউটার অপারেটর" (গ্রেড-৯) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন বাংলাদেশ পুলিশ অধিদপ্তরের আওতাধীন স্পেশাল ব্রাঞ্চ এর "সিনিয়র কম্পিউটার অপারেটর" (গ্রেড-৯) এর ০১ (এক)টি স্থায়ী শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য ২৩.১২.২০২১ তারিখে অনলাইনে বিজ্ঞপ্তির ক্রমিক নং- ১৮৮ জারি করা হয়। উক্ত পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে BPSC Form-5A (Applicant's Copy) জমাদানকারী সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে:

| মৌখিক পরীক্ষার তারিখ, দিন ও সময় | পদের নাম, বিজ্ঞপ্তি জারির তারিখ ও বিজ্ঞপ্তি নম্বর | সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর | মোট প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ২০.১২.২০২৩ খ্রি: বুধবার সকাল-১০:০০ মি: | সিনিয়র কম্পিউটার অপারেটর (গ্রেড-৯) (২৩.১২.২০২১ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-১৮৮) | ০০০০০৩, ০০০০৫৭, ০০০০৬৩, ০০০০৬৪, ০০০০৭৫, ০০০০৭৭, ০০০০৭৯, ০০০১১৪, ০০০১৩০, ০০০১৬৪, ০০০১৭০, ০০০১৭৫, ০০০১৯১, ০০০১৯২, ০০০২১০, ০০০২১৩, ০০০২৮১, ৪০০০৬৭, ৫০০০১৭, ৮০০০০৬, ৮০০০৭৬, ৮০০০৮২ = ২২ টি। | ২২ জন |

০২. সিনিয়র কম্পিউটার অপারেটর (গ্রেড-৯) পদের নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের প্রার্থিতা ০৩ নম্বর কলামে বর্ণিত Substantive কারণে কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে:

| ক্রমিক নম্বর | রেজিস্ট্রেশন নম্বর | বাতিলের Substantive কারণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | ০০০১৪২, ০০০১৪৯= ০২টি। | BPSC Form-5A (Applicant's Copy) জমা প্রদান করেন নি। |

০৩. মৌখিক পরীক্ষায় অনলাইনে রেজিস্ট্রেশনকালে ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের নিকট কমিশন হতে কোন আলাদা সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

ক্রমশ-২

Viva press adv

০৪. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের অতিরিক্ত ০১(এক) সেট BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড পূর্বক নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে :

৩.১ প্রবেশপত্রের কপি;

৩.২ BPSC Form-5A (Applicant's Copy)

৩.৩ শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি;

৩.৪ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মুল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ৪ বৎসর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি-৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;

৩.৫ বয়স প্রমাণের জন্য শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/ সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। 'ও' লেভেল এবং 'এ' লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ;

৩.৬ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি;

৩.৭ আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি করপোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি;

৩.৮ অভিজ্ঞতার সনদের কপি [প্রযোজ্য ক্ষেত্রে];

৩.৯ জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

৩.১০ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে);

৩.১১ বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্রের কপি;

৩.১২ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩.১৩ ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি;

৩.১৪ নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

৩.১৫ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

০৫. উপরে অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত উল্লিখিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৬. প্রত্যেক ডকুমেন্টস এর উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। উল্লিখিত সনদ/ডকুমেন্ট দাখিল করতে ব্যর্থ হলে কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না।

০৭. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন বা কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোন কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।

০৮. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের নূন্যতম আধা ঘন্টা (৩০ মিনিট) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।

ক্রমশ-৩

০৯. কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১০. প্রার্থীদের সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণপূর্বক সামাজিক দুরত্ব বজায় রাখতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মাস্ক পরিধান করে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

স্বাক্ষরিত/-
(আবদুল্লাহ আল মামুন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
ফোন: ৫৫০০৬৬৫৫
ই-মেইল: e_ncc@bpsc.gov.bd

নম্বর : ৮০.১০৬.০১১.১৫.৪৪.০৩৭.২০২০(অংশ-৫)-৩১২/(৪০)

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০ / ২৬ নভেম্বর ২০২৩

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** :

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক (সকল)/উপ সচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান- এর একান্ত সচিব (উপসচিব),বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি শাখা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৮. উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর, ময়মনসিংহ।
৯. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত দৈনিক প্রত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (বিজ্ঞ সদস্যের সদয় অবগতির জন্য)।
১১. অভ্যর্থনা শাখা/নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১২. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd.
১৩. অফিস কপি/মাস্টার কপি।

২৬/১১/২০২৩

(মো: রাশেদুজ্জামান সরকার)
পরিচালক (ইউনিট-৬)

Viva press adv